

ঢাকা, ২১ মার্চ ২০১৯

শিক্ষার বাণিজ্যিকীকরন কোনভাবেই কাম্য নয়

শিক্ষামন্ত্রী

ডাঃ দীপু মনি এম,পি

শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি বলেছেন আমাদের ঐতিহ্যে জ্ঞান বিতরণ একটি মহৎ কাজ হিসাবে পরিচিত । তাই আমাদের সমাজে শিক্ষকরা পরম শ্রদ্ধার, পূজনীয় ও অনুকরণীয় । কিন্তু সাম্প্রতিক সময়ে শিক্ষকদের কিছু কর্ম এবং অতিরিক্ত অর্থলোত ঐ ঐতিহ্য হারিয়ে যাওয়ার আশংকা দেখা দিয়েছে । যা আমাদেরকে হতাশ করছে । আমাদের মনে রাখতে হবে অথবে চেয়ে সম্মান বড় । শিক্ষার বাণিজ্যিকীকরণ কোনভাবেই কাম্য নয় । তিনি আরও বলেন বাণিজ্য বিষয়টা খারাপ নয় কিন্তু এটা শিক্ষার সাথে যায় না । আমরা শিক্ষাকে বাণিজ্যের উর্ধ্বে রাখতে চাই । তিনি আজ সকালে রাজধানীর উত্তরার ১৪ সেক্টরের খেলার মাঠে ইন্টান্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচাল এন্ড টেকনোলজি (আই ইউ বিএটি) এর ৫ম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন । আই ইউ বিএটি এর উপাচার্য অধ্যাপক ড.আব্দুর রব এর সভাপতিত্বে সমাবর্তন এ সমাবর্তন বক্তা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক ড. আবুল কালাম আজাদ চৌধুরী এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাহিত্যিক জনাব ইমদাদুল হক মিলন ।

মন্ত্রী বলেন বঙ্গবন্ধু কল্যাণ শেখ হাসিনার নেতৃত্বে বিগত দশ বছরে শিক্ষা ক্ষেত্রে বাংলাদেশে অনেক উন্নয়ন সাধিত হয়েছে । এখন সময় এসেছে শিক্ষার গুণগত মান উন্নয়নে কাজ করার । আমরা চাই আমাদের শিক্ষাকে ব্র্যান্ডিং করতে । আমরা মেইড ইন জার্মানি দেখলে নির্বিধায় কোন জিনিস কিনি অথবা কোন একজন ননটেকনিক্যাল মানুষ ও আই ফোন বা স্যামসাং প্রায় এক লক্ষ টাকা দিয়ে বিনা সংকোচে কিনে, কারন তারা ঐ পণ্যের কোয়ালিটি সম্পর্কে নিশ্চিত । সেই ক্ষেত্রে পণ্যের উৎপাদনকারী প্রতিষ্ঠান টেইক মেইন রেসপন্সিবিলিটি টু এনসিউর কোয়ালিটি অফ প্রোডাক্টস । আমাদের গার্মেন্টস যেমন সারা বিশ্বে সুনাম অর্জন করেছে । সবাই জানে বাংলাদেশের গার্মেন্টস ভাল । এটাই হচ্ছে ব্র্যান্ডিং । ঠিক তেমনি আমরা আমাদের শিক্ষাকে ব্র্যান্ডিং করতে চাই । বাংলাদেশ ও সারা বিশ্বের মানুষ জানবে বাংলাদেশের শিক্ষার মান ভাল । বিদেশ থেকে ছেলে মেয়েরা বাংলাদেশে পড়তে আসবে । তাই আগামী দিনে কোয়ালিটি এডুকেশন এবং কারিগরি শিক্ষা হবে আমাদের প্রধান অগাধিকার । কোয়ালিটি এডুকেশন নিশ্চিত করতে ছাত্র, শিক্ষক, অভিভাবক ও বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষসহ আমাদের সকলকে দায়িত্বশীল হতে হবে ।

মোহাম্মদ আবুল খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল নাম্বার ০১৭১৬০৬৬৮৮৮